# কৃষি আবহাওয়া বার্তা

**রাজ্য: পশ্চিমবঙ্গ** **তারিখ: ১৮-০১-২০২৪**

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৫-০১-২০২৪ থেকে ১৭-০১-২০২৪ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত) |

**উক্ত সময়ের মধ্যে:**

**১৫ জানুয়ারী**: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলার দুয়েক জায়গায় শৈত্য প্রবাহ ছিল| পশ্চিমবঙ্গের দার্জিলিং, উত্তর ২৪ পরগনা, পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় ঘন থেকে অতি ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার ও মালদা জেলার দুয়েক জায়গায় ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশা ছিল| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জলপাইগুড়ি, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং কলকাতা জেলার অধিকাংশ জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল|

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার)** : নেই

**১৬ জানুয়ারী:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, কোচবিহার ও জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কলকাতা, বাঁকুড়া, পূর্ব মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিম বর্ধমান জেলার কয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল| জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল|

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার)**: নেই

**১৭ জানুয়ারী**: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া জেলার দুয়েক জায়গায় শীতল থেকে তীব্র শীতল দিনের পরিস্থিতি ছিল| গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার দুয়েক জায়গায় ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের

মালদা, কোচবিহার, দার্জিলিং ও জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম বর্ধমান ও বীরভূম জেলার কয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল| পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার ও জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে|

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার)** : নেই

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে ):** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭৩ থেকে ৮৪ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৫ থেকে ৮৫ শতাংশ।

**সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা :** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বনিম্ন তাপমাত্রা ১৫ই জানুয়ারী পুরুলিয়া তে ৬.১ ডিগ্রি সেলসিয়াস ছিল।

## রাতের তাপমাত্রা

| তারিখ | স্বাভাবিক | স্বাভাবিকের থেকে | | | |
|---|---|---|---|---|---|
| | | ২-৪ ডিগ্রি সেলসিয়াস কম | ৫-৬ ডিগ্রি সেলসি.যাস কম | ২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী | ৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী |
| | জায়গার নাম | জায়গার নাম | জায়গার নাম | জায়গার নাম | জায়গার নাম |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৫-০১-২০২৪ | কালিম্পং, জলপাইগুড়ি, মালদা, বালুরঘাট, আলিপুর, দমদম | বহরমপুর, কৃষ্ণনগর, মেদিনীপুর, কাঁথি | -- | দার্জিলিং, কোচবিহার, দীঘা | -- |
| ১৬-০১-২০২৪ | জলপাইগুড়ি, মালদা, বালুরঘাট, বহরমপুর, মেদিনীপুর, আলিপুর, দমদম | কৃষ্ণনগর, কাঁথি, দীঘা | -- | দার্জিলিং, কালিম্পং, কোচবিহার | -- |
| ১৭-০১-২০২৪ | দার্জিলিং, জলপাইগুড়ি, মালদা, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দমদম | বহরমপুর, কাঁথি, দীঘা | -- | কালিম্পং, কোচবিহার, বালুরঘাট | -- |

## পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

### ১৮ জানুয়ারী (দিন ১) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় হালকা বৃষ্টিপাত অথবা তুষারপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনা এবং ঝাড়গ্রাম জেলার অনেক জায়গায় বৃষ্টিপাতের ভারী সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের কলকাতা, হাওড়া, হুগলী, বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান জেলার কয়েক জায়গায় এবং বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ২ দিন, রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না; পরবর্তী ৩ দিন, রাতের তাপমাত্রা ধীরে ধীরে ১-২ ডিগ্রী সেলসিয়াস কমবে|

### ১৯ জানুয়ারী (দিন ২)–

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পঙ জেলার দুয়েক জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে | গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

## **২০ জানুয়ারী (দিন ৩) –**

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পঙ জেলার দুয়েক জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে | গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

## **সতর্কীকরণ:**

## **১৮ জানুয়ারী (দিন ১) –**

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কালিম্পঙ জেলার দুয়েক জায়গায় শিলাবৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় অতি ঘন (দৃশ্যমানতা:৫০ মিটার এর কম) কুয়াশার সম্ভাবনা আছে।

৩) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় শীতল দিনের পরিস্থিতি থাকবে।

**১৯ জানুয়ারী (দিন ২)–**

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের সব জেলার দুয়েক জায়গায় ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় শীতল দিনের পরিস্থিতি থাকবে।

৩) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমান এবং নদীয়া জেলার দুয়েক জায়গায় ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

**২০ জানুয়ারী (দিন ৩) –**

১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের সব জেলার দুয়েক জায়গায় ঘন (দৃশ্যমানতা:৫০-১৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় শীতল দিনের পরিস্থিতি থাকবে।

**পরবর্তী ২ দিনের অনুমান** : সামান্য পরিবর্তন হবে।

সুকুমার রায়

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর, কলকাতা-২৭

১৮-০১-২০২৪